

শিক্ষাব্যবস্থার ৪ স্তরে পরিবর্তন, যুক্ত হচ্ছে নতুন উপাদান : প্রতিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: ১৬ জুন, ২০২৬ ১৪:৩৮



শিক্ষাব্যবস্থার টেকসই উন্নয়নের জন্য ৪টি মূল স্তর এবং ১টি নতুন উপাদানের কথা উল্লেখ করেছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী বিবি হাজ্জাজ। তিনি বলেন, কারিকুলামের আধুনিকায়ন, শিক্ষকদের মানোন্নয়ন, জলবায়ু সহনশীল অবকাঠামো, স্ট্রিমসমূহের এলাইমেন্ট

(সমন্বয়), প্রযুক্তির সংযোজন (এআই ও ফিউচার জবস)
এর ওপর গুরুত্বারোপ করা হবে।

আজ মঙ্গলবার (১৬ জুন) ঢাকায় র্যাডিসন ব্লু হোটেলে ক্যামব্রিজ ইন্টারন্যাশনাল অ্যাডুকেশন আয়োজিত ক্যামব্রিজ প্রেস অ্যান্ড অ্যাসেসমেন্ট বাংলাদেশ লিমিটেড, উদ্বোধন ২০২৬ অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি।

আরো পড়ুন



ম্যাচের আগে মেসির 'ইনস্টাগ্রাম পোস্ট' ভাইরাল

প্রতিমন্ত্রী বলেন, নতুন সরকার দায়িত্ব গ্রহণের মাত্র চার মাসের মধ্যেই দেশের শিক্ষা ব্যবস্থার জন্য একটি সুস্পষ্ট ও দীর্ঘমেয়াদি ভিশন নির্ধারণ করেছে। এই ভিশনের কেন্দ্রবিন্দুতে রয়েছে বিশ্বমানের নাগরিক তৈরি, দক্ষ

মানবসম্পদ গড়ে তোলা এবং শিক্ষাকে কর্মমুখী ও প্রযুক্তিনির্ভর করে তোলা।

প্রতিমন্ত্রী আরো বলেন, বর্তমানে দেশে ২৭টিরও বেশি ধরনের শিক্ষা ধারা বিদ্যমান।

এসব ধারার শিক্ষার্থীদের জন্য একটি অভিন্ন ন্যূনতম মানদণ্ড নিশ্চিত করতে হবে, যেন মাদরাসা, বাংলা মাধ্যম, ইংরেজি মাধ্যম কিংবা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা মৌলিক জ্ঞান ও দক্ষতায় সমমানের সুযোগ পায়।

শিক্ষকদের গুরুত্ব তুলে ধরে বিবি হাজ্জাজ বলেন, চাকা ছাড়া যেমন গাড়ি চলতে পারে না, তেমনি শিক্ষক ছাড়া শিক্ষাব্যবস্থা চলতে পারে না।

আরো পড়ুন



সিলেটের তিন জেলায় আকস্মিক বন্যার শিক্ষা

তিনি জানান, দেশের বিপুলসংখ্যক শিক্ষকের জন্য বিশ্বমানের প্রশিক্ষণ নিশ্চিত করতে কেমব্রিডের শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচি ও অন্যান্য আন্তর্জাতিক অভিজ্ঞতা কাজে লাগানোর বিষয়ে আলোচনা চলছে।

এ সময় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ব্রিটিশ হাইকমিশন, ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।